

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
বিস্ফোরক পরিদপ্তর  
সেগুনবাগিচা, ঢাকা-১০০০।  
ওয়েবসাইট: www.explosives.gov.bd  
ই-মেইল: dhaka@explosives.gov.bd

স্মারক নম্বর: ২৮.০৮.০০০০.০০১.০২.১৫৭.২৩.২০২৫/১৪৭৯

তারিখ: ২৯/০৭/২০২৫ খ্রি।

বিষয়: পেট্রোম্যাক্স সিলিন্ডারস লিমিটেড এর অনুকূলে ৮০০,৮০০টি এলপিগিজি সিলিন্ডার বাজারজাতকরণের অনুমতি প্রদান প্রসঙ্গে।

সূত্র: পেট্রোম্যাক্স সিলিন্ডারস লিমিটেড এর স্মারক নম্বর পিসিএল/এমকেটি পারমিশন/ডিওইএক্স/২০২৫ /এপ্রিল/০৩; তারিখ: ১৬ এপ্রিল, ২০২৫।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত পত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, আপনার প্রতিষ্ঠানের অনুকূলে ৮০০,৮০০টি এলপিগিজি সিলিন্ডার বাজারজাতকরণের অনুমতি প্রাপ্তির জন্য এ দপ্তরে আবেদন করা হয়। বাজারজাতকরণের পূর্বে বুয়েট কর্তৃক পরীক্ষণ সনদ/প্রত্যয়ন গ্রহণের লক্ষ্যে দৈবচয়নের ভিত্তিতে ৫০টি সিলিন্ডার সীলগালাকরণের উদ্দেশ্যে ২৮/০৭/২০২৫ তারিখে প্রতিষ্ঠানটি এ দপ্তরের ২ জন সহকারী বিস্ফোরক পরিদর্শক কর্তৃক সরেজমিন পরিদর্শন করা হয়। পরিদর্শনে উৎপাদিত/নির্মিত কোন সিলিন্ডার পাওয়া যায়নি মর্মে পরিদর্শন প্রতিবেদনে পাওয়া যায়। যা, আপনার কর্তৃক উদ্দেশ্য প্রণোদিতভাবে অফিসের কর্মঘন্টা নষ্ট করাসহ অফিসকে ভুল তথ্য প্রদান করে বিব্রতকর অবস্থায় নিপতিত করার অপেচষ্টার শামিল বলে বিবেচনাকরত: যে কোন প্রকার বিধিগত ব্যবস্থা গ্রহণের জন্য উপযুক্ততা সন্দেহাতীতভাবে প্রমাণিত হয়েছে।

এমতাবস্থায়, পরিদর্শনে কোন সিলিন্ডার পাওয়া যায়নি বিধায় আপনার এহেন কর্মকাণ্ড পরিহারের জন্য চূড়ান্তভাবে সতর্ক করাসহ ৮০০,৮০০টি এলপিগিজি সিলিন্ডার বাজারজাতকরণের অনুমতির আবেদনটি নির্দেশক্রমে নামঞ্জুর করা হলো। ভবিষ্যতে এ ধরনের ভুল তথ্য সম্বলিত আবেদন দাখিল পুনরায় প্রমাণিত হলে ইতোমধ্যে প্রদত্ত যে কোন প্রকার অনুমোদনের সকল/আংশিকভাবে স্থগিত বা পূর্ণরূপে বাতিল করা যেতে পারে।

*(ফরিদ উদ্দীন আহমেদ)*  
২৯/৭/২৫

(ফরিদ উদ্দীন আহমেদ)

উপ প্রধান বিস্ফোরক পরিদর্শক, ঢাকা।

মোবাইল: ০২৮৩৯২৫৯৪

ব্যবস্থাপনা পরিচালক

পেট্রোম্যাক্স সিলিন্ডারস লিমিটেড

ক্রিস্টাল প্যালেস, লেবেল-১২, হাউজ: এসই(ডি) ২২

রোড-১৪০, গুলশান-১, ঢাকা-১২১২।

স্মারক নম্বর: ২৮.০৮.০০০০.০০১.০২.১৫৭.২৩.২০২৫

তারিখ: ২৯/০৭/২০২৫ খ্রি।

সদয় অবগতি/অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো :

- ১। সচিবের একান্ত সচিব (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য), জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ, ঢাকা।
- ২। চেয়ারম্যানের একান্ত সচিব (চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য), বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশন, চট্টগ্রাম।
- ৩। অফিস কপি।

(ফরিদ উদ্দীন আহমেদ)

উপ প্রধান বিস্ফোরক পরিদর্শক, ঢাকা।